CDTFA



# ক্যালিফোর্নিয়া'য় বিক্রয় করা

ক্যালিফোর্নিয়া ডিপার্টমেন্ট অফ ট্যাক্স
এবং ফি অ্যাডমিনিস্ট্রেশান সম্বন্ধে পরিচিতি

▶ ক্যালিফোর্নিয়া ডিপার্টমেন্ট অফ ট্যাক্স এবং ফি অ্যাডমিনিস্ট্রেশান (সিডিটিএফএ) ক্যালিফোর্নিয়া'য় ৩৭টি কর এবং ফি প্রোগ্রামের ব্যবস্থাপনা করে। আমাদের লক্ষ্য ক্যালিফোর্নিয়াবাসীদের জীবনের মান উন্নয়ন যেখানে স্বচ্ছ এবং দক্ষ কর সংগ্রহণের মাধ্যমে জনসেবা নিশ্চিত হবে। আমরা আপনাকে এবং আপনার ব্যবসাকে স্বাগত জানাই। আমাদের রাজ্যের উদ্যোক্তাদের এবং উন্নতিশীল উদ্যোগের একটি সমৃদ্ধ ইতিহাস রয়েছে এবং আমরা সমানভাবে আপনার সফলতা কামনা করি। এই প্রকাশনার উদ্দেশ্য হল ক্যালিফোর্নিয়ায় বিক্রয় করার ক্ষেত্রে আপনার ওপর প্রযোজ্য আইনী আবশ্যকতার একটি সংক্ষিপ্ত নির্দেশিকা প্রদান করা। রাজ্যের ব্যবসায়িক রীতিনীতি এবং করনীতি সংক্রান্ত আইন অনেকটাই জটিল, তাই এই নির্দেশিকায় সে বিষয়ে বিস্তারিত বর্ণিত হয়নি। ব্যবসায়িক কর সংক্রান্ত প্রশ্নের উত্তর আপনি আমাদের কাছে পেয়ে থাকবেন। আমাদের কর্মীগণ ইংরেজি ছাড়াও অন্য ভাষায় কথা বলায় পারদর্শী। তাই অগ্রিম আবেদনের প্রেক্ষিতে আপনার জন্যে আপনার ভাষায় দক্ষ ব্যক্তিকে দিয়ে সহযোগিতা করতে আমরা সচেষ্ট হবো।

## ক্যালিফোর্নিয়া'র বিক্রয়ের অনুমতিপত্র

ক্যালিফোর্নিয়া'র বিক্রয়ের অনুমতিপত্র আপনাকে পাইকারি বা খুচরো স্তরে সামগ্রী বিক্রয় করার অনুমতি প্রদান করে। আপনি যখন আমাদের সাথে নিবন্ধন করেন তখন আপনাকে বিক্রয়ের অনুমতিপত্র প্রদান করা হয়। সাধারণত, ক্যালিফোর্নিয়ায় আইনত কিছু বিক্রয় এবং/বা পণ্যদ্রব্য, বাহন বা অন্যান্য সামগ্রীর লিজ নেওয়ার জন্য বিক্রয়ের অনুমতি নেওয়া আবশ্যিক। আপনি যদি ৯০ দিনের বেশি বিক্রয় না করেন তাহলে সাময়িক বিক্রয় অনুমতির আবেদন করতে পারেন, বড়দিনের ক্রিসমাস ট্রি বা কোন হস্ত শিল্প মেলায় বিক্রির ক্ষেত্রে যেমন দেখা যায়।



## বিক্রয়ের অনুমতিপত্র বনাম পুনঃবিক্রয়ের সনদপত্র

বিক্রেতার অনুমতিপত্র এবং পুনঃবিক্রয়ের সনদপত্র দুটি সম্পূর্ণ আলাদা জিনিস। বিক্রেতার অনুমতিপত্র আপনাকে ক্যালিফোর্নিয়ায় বিক্রয় করার অনুমতি দেয়, যেখানে পুনঃবিক্রয়ের সনদপত্র আপনাকে এমন জিনিস কিনতে অনুমতি দেয় যা আপনি আপনার সাপ্লায়ারকে কোন কর না দিয়ে বিক্রি করতে পারবেন। একবার বিক্রয়ের অনুমতিপত্র পেয়ে গেলে, আপনি আপনার পুনঃবিক্রয়ের সনদপত্র আপনার সাপ্লায়ারকে আপনি যে জিনিসপত্র স্বাভাবিকভাবে বিক্রয় করবেন তা কেনার জন্য দিয়ে দিতে পারেন। বিক্রয়ের অনুমতিপত্র কেনার অনুমতিপত্র নয়। আপনি আপনার ব্যবসায়ে বিক্রয়ের থেকে, যে সকল সামগ্রী ব্যবহার করেন (যেমন অফিসের ব্যবহার্য জিনিস) তার জন্য আপনাকে কর দিয়ে যেতেই হবে।

## বিক্রয়ের অনুমতিপত্রের জন্য আবেদন

বিক্রয়ের অনুমতিপত্রের আবেদন করা বিনামূল্যের। আপনি আমাদের ওয়েবসাইট *www.cdtfa.ca.gov* এর অনলাইন পরিষেবা'র সেকশানে গিয়ে অনুমতিপত্রের আবেদন করতে পারেন। আপনার আবেদন সম্পূর্ণ করার জন্য, আপনাকে আপনার ব্যবসা সম্বন্ধে তথ্য প্রদান করতে হবে, যার মধ্যে ব্যাঙ্কের খাতার বিবরণ এবং আনুমানিক আয় প্রদান করতে হবে। আপনি যদি আপনার ব্যবসা ক্রয় করে থাকেন তাহলে, আপনাকে পূর্ববর্তী মালিকের নাম এবং তাদের সিডিটিএফএ বিক্রেতার অনুমতিপত্রের নম্বর প্রদান করতে হবে। আপনার যদি সহায়তার প্রয়োজন হয়, অনুগ্রহ করে আমাদের গ্রাহক পরিষেবা কেন্দ্র 1-800-400-7115 (CRS:711) ফোন করুন, এবং একজন সিডিটিএফএ প্রতিনিধি আপনাকে সানন্দে সাহায্য করবে। একবার আবেদন ইলেক্ট্রনিক মাধ্যমে সম্পূর্ণ এবং জমা করার পর, আপনি আপনার ব্যবসায়িক স্থানে বিক্রয়ের অনুমতিপত্র দেখার জন্য ঝুলিয়ে রাখতে পারেন। আপনি স্থানীয় সিডিটিএফএ ফিল্ড অফিসে গিয়ে বিক্রয়ের অনুমতিপত্রের আবেদন করতে পারেন। আপনি অফিসের ফোন নম্বর এবং ঠিকানা আমাদের ওয়েবসাইট *www.cdtfa.ca.gov/office-locations* এ পেয়ে যাবেন।

## কর মেটানোর আবেদন

কোন ব্যবসা যা আপনি ক্রয় করতে চলেছেন তার বকেয়া কোন বিক্রয় বা ব্যবহার্য কর প্রদান করা থেকে নিজেকে সুরক্ষিত রাখতে, আপনি আমাদের কাছে লিখতে পারেন এবং কর মেটানোর একটি সনদপত্রের আবেদন করতে পারেন। আপনার লিখিত আবেদনে, নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকতে হবে:

- ক্রেতার নাম, ঠিকানা, এবং ফোন নম্বর
- বিক্রেতার নাম, ঠিকানা, এবং ফোন নম্বর
- ব্যবসার ঠিকানা
- ক্রয়মূল্য সহ বিক্রয়ের বিল বা ক্রয়ের চুক্তির একটি প্রতিলিপি
- এসক্রো কোম্পানি নাম এবং এসক্রো নম্বর, যদি প্রযোজ্য হয়।
- যে তারিখে ব্যবসা ক্রয় করা হয়েছিল।

## বিক্রয়ের অনুমতিপত্র প্রাপ্তদের বাধ্যবাধকতা

আপনার কাছে যখন বিক্রয়ের অনুমতি আছে, তখন অবশ্যই আপনি:

- আপনার ব্যবসা পরিচালনার ক্ষেত্রে কিভাবে বিক্রয় এবং ব্যবহার্য কর আইন প্রযোজ্য হয় তা বুঝুন।
- আপনার বিক্রয় এবং ক্রয়ের (নিম্নে *নথি রাখা* দেখুন) পর্যাপ্ত নথি রাখুন।
- আমাদের দিয়ে নিয়মিত বিক্রয় এবং ব্যবহার্য কর ফেরত নথিভুক্ত করুন। একবার অনলাইনের মাধ্যমে বিক্রয়ের নিবন্ধিকরন সম্পূর্ণ হয়ে যাওয়ার পর আপনাকে বিক্রয়ের ওপর ভিত্তি করে মাসিক, ত্রৈমাসিক বা বার্ষিক নথিভুক্তকরণের অনুসূচী দেওয়া হবে।
- আপনার বিক্রয় এবং ক্রয়ের ওপর যেকোনো বিক্রয় বা ব্যবহার্য কর প্রদান করুন।

## নথি রাখা

আপনাকে কমপক্ষে চার বছরের জন্য সঠিক পরিমাণ কর দেখানোর জন্য নথি রাখতে হবে। উদাহরণ স্বরূপ নথির মধ্যে অন্তর্ভুক্ত থাকবে:

- আপনার আয় এবং ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণীর অ্যাকাউন্ট বই যেমন সাধারন লেজার এবং খতিয়ান। এই তথ্যগুলো ইলেক্ট্রনিক মাধ্যমে জমা রাখতে হবে।
- আপনার অ্যাকাউন্ট বইয়ে লিখিত তথ্যকে সমর্থন করে এমন আসল খাতাপত্র রাখা যেমন বিল, রসিদ, চালান, কাজের অর্ডার, চুক্তি বা অন্যান্য কাগজ পত্র।
- কাগজপত্র এবং ওয়ার্কশিট যা আপনার কর ফেরতের জন্য ব্যবহার করা হয়েছে।
- আপনার গ্রাহকের থেকে গৃহীত পুনঃবিক্রয়ের সনদপত্র।

## আপনার নথিতে অবশ্যই থাকতে হবে:

- সকল ব্যবসায়িক আয়ের পুরো অংশের আয়, যার মধ্যে পণ্যদ্রব্যের বিক্রয় এবং লিজ এবং এমন কোন আয় যা আপনাকে কর ছাড় দেবে বলে মনে করেন।
- সকল কর্তন যা আপনার কর ফেরত এ দাবি করা হয়েছে।
- সমস্ত ক্রয়কৃত সামগ্রীর মোট ক্রয় মূল্য।

## আপনার ব্যবসার জন্য অতিরিক্ত আবশ্যিকতা

বিক্রয়ের অনুমতি নিবন্ধিকরণের সাথে, আপনাকে আমাদের দ্বারা পরিচালিত অন্যান্য কর এবং ফি প্রোগ্রামে নিবন্ধন করাতে হতে পারে (যেমন, ক্যালিফোর্নিয়া টায়ার ফি, ইলেকট্রনিক বর্জ্য রিসাইক্লিং ফি বা সিগারেট এবং তামাক এর লাইসেন্স প্রোগ্রাম)। আপনাকে আপনার ব্যবসা পরিচালনা করার জন্য অন্যান্য লাইসেন্স, অনুমতি, বা তথ্যাদি নিতে হতে পারে। আপনার ব্যবসা সংক্রান্ত উপযুক্ত অনুমতির তথ্যাদি খোঁজার জন্য একটি অসাধারণ স্থান হল ক্যালগোল্ড ওয়েবসাইট *www.calgold.ca.gov*। চেম্বার্স অফ কমার্স, অর্থনৈতিক বিকাশের প্রতিষ্ঠানগুলো, এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোও তথ্যাদির একটি সহায়ক উৎস। প্রায়শই শহরের বা কাউন্টির ব্যবসার লাইসেন্স প্রদানকারী বিভাগ আপনাকে সাহায্য করতে পারে বা আপনি সহায়তার জন্য আমাদের ফোন করতে পারেন।

## করদাতার অধিকারের প্রবক্তা

ক্যালিফোর্নিয়ার একজন করদাতা হিসাবে, আপনার একাধিক অধিকার যেমন গোপনীয়তার অধিকার, সমানতার সাথে আচরণের অধিকার, এবং আমরা যে পদক্ষেপ নিয়েছি তা আবেদন করার অধিকার রয়েছে। আপনার যদি সিডিটিএফএ এর সাধারন চ্যানেলের মাধ্যমে কোন সমস্যার সমাধান করতে সহায়তার প্রয়োজন হয়, বা আপনি যদি আমাদের দ্বারা পরিচালিত কর বা ফি প্রোগ্রামে আপনার অধিকার সম্বন্ধে আরও জানতে আগ্রহী হন তাহলে, আপনি আমাদের *Taxpayers' Rights Advocate Office* এর টোল ফ্রি নম্বর 1-888-324-2798 এ ফোন করতে পারেন।

## আরও তথ্য জানতে

আপনার যদি দোভাষীর সহায়তার প্রয়োজন হয়, অনুগ্রহ করে আপনার স্থানীয় সিডিটিএফএ অফিসে ফোন করুন। আপনি যদি চান, তাহলে নিজস্ব দোভাষী নিয়ে আসতে পারেন। আমরা আপনার সাথে স্পষ্টভাবে যোগাযোগ করার জন্য সবরকম প্রয়াস করব। আমাদের পরিষেবার বিকাশ করার জন্য আপনার যদি কোন পরামর্শ থাকে, তাহলে অনুগ্রহ করে আমাদের জানাবেন।

জনস্বার্থে এই প্রচার যখন লেখা হয় সেই সময়ে প্রযোজ্য আইন এবং বিধিমালার সংক্ষিপ্ত বিবরণ এই প্রকাশনায় প্রদান করা হল। যদিও, সেই সময় থেকে আইন বা বিধিমালার পরিবর্তন হয়েছে। যদি এই প্রকাশনায় লিখিত তথ্যের সাথে আইনের বিরোধ দেখা দেয়, সিদ্ধান্ত আইন অনুসারে নেওয়া হবে, এই প্রকাশনা অনুসারে নয়। ◄

